

বিজিএ/কাস/২০২২/২৫৭

১৬ নভেম্বর, ২০২২

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ ভারত হতে আগত পণ্যবাহী ট্রেন বাংলাদেশে পণ্য খালাসের পর ঐ একই খালি ট্রেনে বাংলাদেশী পণ্য ভারতে রপ্তানির সুযোগ প্রদান প্রসঙ্গে।

সূত্র : এফবিসিসিআই/টিএফ/২০২২/৫৯৬, তারিখঃ ১৩/১১/২০২২ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। দি ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বারস অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) তাদের পত্রে জানিয়েছে যে, ভারত হতে আগত পণ্যবাহী ট্রেন বাংলাদেশে পণ্য খালাসের পর ঐ একই খালি ট্রেনে পেট্রোপোল-বেনাপোল এবং গ্যেদে-দর্শনা রুটে বাংলাদেশী পণ্য ভারতে রপ্তানির সুযোগ প্রদানের নিমিত্তে ভারত সরকারের Customs কর্তৃক জারিকৃত অফিস সার্কুলারের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড কাস্টমস হাউজ, বেনাপোল ও কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট যথাক্রমে যশোর, রংপুর ও রাজশাহীকে নির্দেশনা প্রদান করেছে।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে সূত্রোক্ত পত্রটি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

  
মোঃ ফয়জুর রহমান  
মহাসচিব

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

## The Federation of Bangladesh Chambers of Commerce and Industry

১৩ নভেম্বর, ২০২২

এফবিসিসিআই/টিএফ/২০২২/৫৯৬

বিষয়ঃ ভারত হতে আগত পণ্যবাহী ট্রেন বাংলাদেশে পণ্য খালাসের পর ঐ একই খালি ট্রেনে বাংলাদেশি পণ্য ভারতে রপ্তানির সুযোগ প্রদান।


সূত্রঃ বাণিজ্য মন্ত্রণালয়ের ০৪ অক্টোবর, ২০২২ এর স্মারক নং- ২৬.০০.০০০০.১২১.৩৯.০২৩.২০.১৭০।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রানুযায়ী, বাণিজ্য মন্ত্রণালয় তাদের পত্রে জানিয়েছে যে, ভারত হতে আগত পণ্যবাহী ট্রেন বাংলাদেশে পণ্য খালাসের পর ঐ একই খালি ট্রেনে পেট্রাপোল-বেনাপোল এবং গ্যেদে-দর্শনা রুটে বাংলাদেশি পণ্য ভারতে রপ্তানির সুযোগ প্রদানের নিমিত্তে ভারত সরকারের Central Board of Indirect Taxes & Customs কর্তৃক জারিকৃত অফিস সার্কুলারের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড কাস্টমস হাউজ, বেনাপোল ও কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট যথাক্রমে যশোর, রংপুর ও রাজশাহীকে নির্দেশনা প্রদান করেছে।

উক্ত সুবিধা ব্যবহারের বিষয়ে আপনার চেম্বার/এসোসিয়েশনের রপ্তানিকারক সদস্যদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

  
মোহাম্মদ সাহিফুজুল হক  
মহাসচিব

বিতরণঃ

- সভাপতি, সকল চেম্বার/ এসোসিয়েশন।